

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৩.২০.৩৮

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭
১১ নভেম্বর ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১৪৭১২/২০১৯ মামলায় সরকার পক্ষে গৃহীত পদক্ষেপের তথ্যসহ প্রমাণক প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৮.১২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ড. মো: মোস্তাফিজুর রহমান, পিতা: মৃত আজিজুর রহমান, বি-৪, টিটিটিসি স্টাফ কোয়ার্টার, পোস্ট: ঢাকা পলিটেকনিক্যাল ইনস্টিটিউট, ১২০৮, তেজগাঁও সি/এ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক মহামায়া হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৭১২/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলায় রিটকারী জনাব ড. মো: মোস্তাফিজুর রহমান প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড। মামলাটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট এবং সচিব, টিএমইডিকে ০১ নং; মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে ৪ নং এবং চেয়ারম্যান বিটিইবিতে মামলায় ০৩ নং রেসপনডেন্ট করা হয়েছে।

০৩. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী ড. মো: মোস্তাফিজুর রহমান কর্তৃক 'সরকারী কর্মচারী (অবসর) বিধিমালা, ১৯৭৪; প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১, তারিখ: ১৪.১০.২০১৫ এবং অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-অম/অবি/বিধি-২/৩-পি-২৬/৮৬ (অংশ-২)/১৩৫, তারিখ: ০৮.১০.২০০১ খ্রি: এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধান এর মৌলিক অধিকার সংক্রান্ত ২৭ এবং ৩১ অনুচ্ছেদের বিধান লঙ্ঘিত হয়েছে মর্মে উল্লেখক্রমে লাম্প গ্রান্ট এবং অবসর সুবিধার দাবীতে মামলাটি দায়ের করা হয়েছে।

০৪. ইতোমধ্যে রিট মামলা নং-১৪৭১২/২০১৯ এর রায় হয়েছে। মামলাটির রায় পর্যালোচনা করে দেখা যায় যে, গত ১৯.০৮.২০২০ খ্রি: এবং ২৫.০৮.২০২০ খ্রি: তারিখে শুনানী অন্তে ২৭.০৮.২০২০ খ্রি: তারিখে রায় ঘোষিত হয় এবং রায় সরকারের বিরুদ্ধে ঘোষিত হয়েছে।

০৫. অর্থাৎ মামলার রায়ে রিট আবেদনকারী ড. মো: মোস্তাফিজুর রহমান এর অনুকূলে লাম্প গ্রান্ট এবং অবসর সুবিধা (আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে) পরিশোধ নিশ্চিত করার জন্য সরকারের প্রতি নির্দেশ দেয়া হয়েছে।

০৬. মামলার রায়টি নিম্নরূপ:

"Respondents are directed to ensure payment of lump grant and pension benefits to the petitioner within 30 (thirty) days from the date of receipt of this order."

০৭. মামলাটির আদেশ প্রদানের পরে ৪৩ টি কর্ম দিবস অতিক্রান্ত হয়েছে। মামলাটির রায় ঘোষিত হওয়ার পরে সরকারের স্বার্থ সংরক্ষণের জন্য কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে জরুরীভিত্তিতে এ বিষয়ে তথ্য প্রয়োজন।

০৭. এমতাবস্থায়, উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৪৭১২/২০১৯ মামলায় রায় ঘোষণা প্রাপ্তির পর সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার তথ্য (প্রমাণকসহ) আগামি ১৯.১১.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সেসাথে কী কী কারণে এবং কোন আইনের ভিত্তিতে পেনশন সুবিধা বন্ধ রাখা হয়েছিল এ বিষয়ে প্রমাণকসহ তথ্য দেয়ার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-১১-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

বিতরণ :

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৩.২০.৩৮/১(৭)

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭
১১ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

- ৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



১১-১১-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)